

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৭৩.২০২১- ০৫৭৩

তারিখ : ১৪/০৯/২০২৪ খ্রি.

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক (শরীর চর্চা) এর এমপিওভুক্ত/উচ্চতর স্কেল প্রদান সংক্রান্ত।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৩.২০২২-২২৯; তারিখ: ১৯ সেপ্টেম্বর, ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদে নিয়োগ প্রাপ্ত কাম্য যোগ্যতাবিহীন শিক্ষকদের এমপিওভুক্তির বিষয়ে গঠিত সাব কমিটির প্রতিবেদনের আলোকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা- ২০২১ এর ২০ অনুচ্ছেদ অনুযায়ী শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতার সরকারি অংশ স্থগিত, বাতিল ও ছাড়করণের লক্ষ্যে গঠিত আপিল কমিটির ১৭/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সুপারিশ করা হয়:

সুপারিশ: বিপিএড সনদ ব্যতীত নিবন্ধন সনদ অর্জনের সুযোগ না থাকায় ২০/০৩/২০০৫ তারিখের পূর্বে কমিটি কর্তৃক নিয়োগের মাধ্যমে সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদে নিয়োগকৃত কাম্য যোগ্যতাবিহীন শিক্ষকরা যোগদানের তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের মধ্যে কাম্য যোগ্যতা অর্জন করলে এই সব শিক্ষকদের এমপিওভুক্ত এবং তাদের উচ্চতর স্কেল প্রদান করার বিষয়ে সভায় সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সুপারিশ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(প্রফেসর এ বি এম রেজাউল করীম)
পরিচালক (কলেজ ও প্রশাসন উইং)

ও

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

☎ ০২-২২৩৩৫১০৫৭

আঞ্চলিক উপপরিচালক

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/কুমিল্লা/ময়মনসিংহ

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৭৩.২০২১-

তারিখ : ১০/৯/২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;

[দৃ: আ: উপসচিব, বেসরকারি মাধ্যমিক-৩ শাখা]

২। জেলা শিক্ষা অফিসার, (সকল);

৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল);

৪। সভাপতি,

৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....;

৬। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;

৭। সংরক্ষণ নথি।

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)

☎ ৪১০৫০১১৮